

# Prime Minister's video conference with the Heads of Indian Missions

March 30, 2020

ভারতীয় দূতাবাস এবং উচ্চ আয়োগের প্রমুখদের সাথে প্রধানমন্ত্রীর ভিডিও কনফারেন্স

মার্চ 30, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি আজ সন্ধ্যে 7:00 ঘটিকায় বিশ্বব্যাপী ভারতীয় দূতাবাস এবং উচ্চ আয়োগের প্রধানদের সাথে ভিডিও সম্মেলন করেছেন। বিশ্বব্যাপী কোভিড-19 -এর প্রতিক্রিয়া বিষয়ে বিশ্বব্যাপী ভারতীয় উচ্চ আয়োগের কাছে এই ধরনের সম্মেলনের আয়োজন এই প্রথম।

প্রধান মন্ত্রী বলেছেন যে, অসাধারণ সময়ে অসাধারণ সমাধানের প্রয়োজন পরে, যেটি বিশ্বায়নের এই যুগেও প্রয়োজন, কারণ, বিশ্বের বেশীরভাগ দেশই আজ নিজেদেরকে নিভৃতবাসে নিয়ে গিয়েছে। এই অতিমারির সাথে লড়াই করার জন্য এই ধরনের পদক্ষেপ নেওয়াটা অবশ্যম্ভাবী ছিল, কিন্তু এটা অপরিহার্য পদক্ষেপও ছিল, কারণ বিশ্বব্যাপী কাজকর্ম বন্ধ হয়ে যাবার ফলে আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থা, আর্থিক বাজার এবং বিশ্বব্যাপী অর্থনীতির উপরে এর চূড়ান্ত এবং সুদূরপ্রসারী প্রভাব পড়েছে।

প্রধানমন্ত্রী বলেছেন যে, এই বছরের জানুয়ারী মাসের মাঝামাঝি সময় থেকে এই অতিমারির মোকাবিলা করার জন্য, বাইরের থেকে সংক্রমণ আসার ঝুঁকিকে কমানোর জন্য, এবং পরবর্তীকালে বিশাল ব্যাপ্তিতে ছড়িয়ে পড়াকে প্রতিরোধ করার জন্য ভারত অভূতপূর্ব এবং দ্রুত পদক্ষেপগুলি গ্রহণ করছিল। এর মধ্যে ছিল ভারত দ্বারা পৃথিবীর মধ্যে বৃহত্তম নিভৃতবাস এবং লক-ডাউন প্রথা চালু করা।

প্রধান মন্ত্রী, এই সংকটের কয়েকটি ভরকেন্দ্রে বিদেশে আটকে পড়া ভারতীয়দের ফিরিয়ে আনার জন্য উচ্চ আয়োগের প্রধানদের প্রচেষ্টার প্রশংসা করেছেন। তিনি বিশেষ করে পাঁচটি বিষয়ের উপরে মনোযোগ দেবার জন্য তাদেরকে বলেছেন।

- i. তাদের নিজেদের এবং সেইসহ তাদের দলের এবং পরিবারের স্বাস্থ্য ও সুরক্ষাকে সুনিশ্চিত করা।
- ii. আন্তর্জাতিক ভ্রমণে সীমাবদ্ধতার জন্য অনিশ্চয়তার কারণে বিদেশে এখনও রয়ে যাওয়া ভারতীয়দের দিকে নজর রাখা। তিনি ভারতীয় মিশনের প্রধানদের বলেছেন যে, এই

ধরনের ভারতীয়দের যারা বিদেশে আটকে পরেছেন তাদের মনোবলকে বারাবার জন্য আহ্বান করেছেন, এবং তাদের বলেছেন যে, এই অপরিকল্পিতভাবে বিদেশে আটকে পড়ার কারণে থাকার বন্দোবস্ত সহ প্রয়োজনীয় এবং সম্ভাব্য উদ্ধৃত সমস্যাগুলি নিয়ে সংশ্লিষ্ট দেশের সাথে কথা বলার জন্য।

- iii. কোভিড-19 -এর বিরুদ্ধে লড়াই করার জন্য সেই দেশের সর্বোত্তম অনুশীলনগুলির স্বীকৃতি, উদ্ভাবন, বৈজ্ঞানিক আবিষ্কার এবং চিকিৎসা সরঞ্জামের আয়োজন-এর প্রতি সজাগ দৃষ্টি এবং সেগুলিকে চিহ্নিত করার কথা তাদের বলেছেন। তিনি বিদেশ থেকে অধুনা প্রতিষ্ঠিত পিএম-কেয়ার তহবিলে অনুদান আয়োজন করার জন্য উপযোগী প্রচার করার জন্য দূতাবাসের প্রধানদের পরামর্শ দিয়েছেন।
- iv. যেহেতু এই সংকট অর্থনীতির উপরেও প্রভাব ফেলেছে, তাই প্রধানমন্ত্রী, অত্যাবশ্যকীয় সরবরাহের ব্যবসা, সৈন্যদল চালনা করার শৃংখল, অর্থ প্রেরণ ইত্যাদি বিষয়গুলি যেন ক্ষতিগ্রস্ত না হয়, সেজন্য তাদের সমন্বয়ের মাধ্যমে বিদেশী অংশীদারদের সাথে সেগুলি সুনিশ্চিত করার জন্য মনোনিবেশ করার দিকে মিশনের প্রধানদের পরামর্শ দিয়েছেন।
- v. বিশেষতঃ কোভিড-19- অতিমারির পরিপ্রেক্ষিতে উদ্ধৃত আন্তর্জাতিক রাজনীতি এবং অর্থনৈতিক পরিস্থিতির উপরে গভীর মনোযোগ রেখে যেতে বলেছেন।  
এর প্রত্যুত্তরে, বেজিং, ওয়াশিংটন ডিসি, তেহরান, রোম, বার্লিন, কার্ঠমান্ডু, আবু ধাবি, কাবুল, মাল এবং সিওলের দূতাবাসের দশজন প্রধান, প্রধানমন্ত্রী এবং অন্য সদস্যদের সামনে তাদের দৃষ্টিকোণগুলিকে তুলে ধরেছেন। এই অতিমারির মোকাবিলা করার জন্য ভারতের গৃহীত পদক্ষেপের সেইসব দেশের স্বীকৃতির প্রশংসার কথাও তারা জানিয়েছেন।

বিদেশে আটকে পড়া ভারতীয়, বিশেষতঃ ছাত্র এবং শ্রমিক দের সাহায্য করার জন্য তাদের প্রচেষ্টার কথার উপরে দূতাবাসের প্রধানরা রেখাপাত করেছেন। ওষুধ, চিকিৎসা সরঞ্জাম, প্রযুক্তি, গবেষণা এবং অন্যান্য উপায়, যেগুলি অতিমারির বিরুদ্ধে লড়াই করার জন্য ভারতের নিজ দেশবাসীকে সাহায্য করতে পারে সেগুলিকে সনাক্ত করার প্রচেষ্টার কথাও তারা জানিয়েছেন। কোভিড-19- এর বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াইয়ে অন্যান্য দেশগুলি থেকে শেখা বিদ্যা এবং সেগুলির সর্বোত্তম অনুশীলনের কথাও দূতাবাসের প্রধানরা জানিয়েছেন। আমাদের প্রতিবেশীদেশে, কোভিড-19 -এর মোকাবিলায় সার্কভুক্ত দেশগুলির জন্য প্রধানমন্ত্রীর উদ্যোগে গঠিত বিশেষ তহবিলের ব্যবহার করে জাতীয় মোকাবিলায় সহায়তার জন্য সেইসব দেশের গৃহীত পদক্ষেপগুলির উপরে দূতাবাসের প্রধানরা রেখাপাত করেছেন। তাদের কাজের জন্য প্রধানমন্ত্রীর পরামর্শ এবং উৎসাহপ্রদানের জন্য দূতাবাসের প্রধানরা তাদের কৃতজ্ঞতাও প্রকাশ করেছেন।

পরিশেষে, প্রধানমন্ত্রী এই কথার উপরে জোর আরোপ করেছেন যে, হতে পারে বিদেশে ভারতীয় দূতাবাস দেশ থেকে অনেক দূরে রয়েছে তথাপি কোভিড-19 -এর বিরুদ্ধে

ভারতের লড়াইয়ে তারা পুরোপুরি অংশগ্রহণ করছেন। তিনি আরও জোর আরোপ করেছেন যে, সকল ভারতীয়ের একতা এবং সচেতনতা জাতির ভবিষ্যতকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে।

নিউ দিল্লি

মার্চ 30, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.